

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ
www.nape.gov.bd

স্মারক নং ৩৮.০৪.০০০০.৪০১.১৬.১৬.৩৩১.১৯-১৬৬

তারিখ: ১৮/০২/২০১৯ খ্রিঃ।

বিষয়: 'প্রাথমিক বিদ্যালয়ের সময়াবদ্ধ বার্ষিক পাঠ পরিকল্পনা' ও 'বিষয়ভিত্তিক মডেল পাঠ পরিকল্পনা' অনুমোদন ও বিতরণ প্রসঙ্গে।
সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং- ৩৮.০০৯.০৩১.০০.০০.০২৫.২০১৯-২১, তারিখ: ৩০/০১/২০১৯ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহোদয়ের নির্দেশক্রমে ইতোপূর্বে অনুমোদিত বার্ষিক পাঠ পরিকল্পনাকে নেপ কর্তৃক তারিখভিত্তিক আকারে পুনর্বিদ্যায়িত করে গত ০৭/০২/২০১৯ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় ডকুমেন্টটির বিভিন্ন দিক পর্যালোচনাপূর্বক সংশোধনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব জি. এম. হাসিবুল আলম-কে উপদেষ্টা এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব সোহেল আহমেদ-কে আহ্বায়ক করে নেপ, এনসিটিবি ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক ১৩/০২/২০১৯ তারিখ অনুষ্ঠিত সভার মাধ্যমে ডকুমেন্টটির বিভিন্ন দিক পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরিমার্জনের নির্দেশনা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে 'প্রাথমিক বিদ্যালয়ের সময়াবদ্ধ বার্ষিক পাঠ পরিকল্পনা' ও 'বিষয়ভিত্তিক মডেল পাঠ পরিকল্পনা' পরিমার্জন পূর্বক চূড়ান্ত করা হয়।

এমতাবস্থায় উল্লিখিত পাঠ পরিকল্পনা সদয় অনুমোদনপূর্বক বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- ১। 'প্রাথমিক বিদ্যালয়ের সময়াবদ্ধ বার্ষিক পাঠ পরিকল্পনা' ও 'বিষয়ভিত্তিক মডেল পাঠ পরিকল্পনা' হার্ড কপি- ০১টি
- ২। 'প্রাথমিক বিদ্যালয়ের সময়াবদ্ধ বার্ষিক পাঠ পরিকল্পনা' ও 'বিষয়ভিত্তিক মডেল পাঠ পরিকল্পনা' সফট কপি সম্বলিত সিডি- ০১টি

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ শাহ আলম)
মহাপরিচালক

ফোন: ০৯১-৬৬৩০৫

mail:dgnapebd@gmail.com


দৃষ্টি আকর্ষণ: জনাব নাসরিন জাহান
উপ-সচিব (উন্নয়ন-১)

স্মারক নং ৩৮.০৪.০০০০.৪০১.১৬.১৬.৩৩১.১৯-১৬৬/১(৬)

তারিখ: ১৮/০২/২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ০৩। জনাব জি. এম. হাসিবুল আলম, অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। জনাব সোহেল আহমেদ, অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ০৬। জনাব নেহার আহম্মদ, যুগ্ম-সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। অফিস কপি।


(মোঃ শাহ আলম)
মহাপরিচালক